

## বাতিল হলো সেরা শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা

স্টাফ রিপোর্টার ॥ বাতিল করা হলো সেরা প্রতিষ্ঠানের (টপ-২০, টপ-১০) তালিকা প্রকাশের প্রক্রিয়া। সেরা হতে অসংখ্য প্রতিষ্ঠান প্রশ্ন ফাঁসসহ অনৈতিক পন্থা অবলম্বন করার প্রেক্ষাপটে এখন থেকে কোন পাবলিক পরীক্ষাতেই সেরা প্রতিষ্ঠান নামে তালিকা প্রকাশ হবে না। সেরা হতে অনেক (২ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

## বাতিল হলো

(প্রথম পৃষ্ঠার পর)  
প্রতিষ্ঠান প্রশ্ন ফাঁসসহ নানা অনৈতিক পন্থা অবলম্বন করছে বলে পাবলিক পরীক্ষায় এ তালিকা থাকছে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। আন্তঃশিক্ষা বোর্ড সময়সূচী সাব-কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোঃ আবু বকর ছিদ্দিকি জানিয়েছেন, এবার এইচএসসি পরীক্ষা থেকেই সেরা প্রতিষ্ঠানের তালিকা তৈরি বন্ধ হয়েছে। বোর্ডগুলোর পাসের হারসহ অন্যান্য বিষয়গুলোই স্থান পায় ফলাফলের সারসংক্ষেপে। প্রতি বছর এইচএসসিতে বোর্ডভিত্তিক সেরা ২০ ও জেলাভিত্তিক সেরা ১০ প্রতিষ্ঠানের তালিকা করা হয়। বোর্ডগুলোর অধীনে নেয়া অন্য পাবলিক পরীক্ষাগুলোতেও এ পদ্ধতি অনুসরণ করা হচ্ছিল গত কয়েক বছর ধরে।